অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2024 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ হিসেবে ক্ষুদ্র ব্যবসার জন্য ইক্যুইটি অগ্রসর করার প্রয়াসে গভর্নর হোকল বাইডেন প্রশাসনের সাথে যোগদান করলেন

অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগ নিউ ইয়র্কের প্রত্যয়িত MWBE এর সক্ষমতা গঠন করতে, অর্থায়নের বিকল্প খুঁজে দেখতে, এবং প্রবৃদ্ধির মূলধন পাওয়ার সুযোগ নিশ্চিত করতে সাহায্য করে

মহামারীর পর ক্ষুদ্র ব্যবসার পুনরুদ্ধার সমর্থনে এবং গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যবসাকে মহামারী পরবর্তী অর্থনীতিকে সফল হতে সাহায্য করতে প্রদত্ত 501.6 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল বিনিয়োগের অনুবর্তী

নিউ ইয়র্ক স্টেটে সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসার সমর্থনে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর হোকল আজকে ঘোষণা করলে যে ফেডারেল অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগে (Initiative for Inclusive Entrepreneurship) নিউ ইয়র্ক অংশগ্রহণ করবে, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের (U.S. Department of the Treasury) নেতৃত্বে একটি জাতীয় প্রয়াস যা সামাজিক এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তি (Socially and Economically Disadvantaged Individuals, SEDI) ও ক্ষুদ্র ব্যবসার জন্য মূলধন পাওয়ার সুযোগ সম্প্রসারিত করবে। 2022 সালের অক্টোবর মাসে ভাইস প্রেসিডেন্ট কামালা হ্যারিসের ঘোষিত অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগের উদ্দেশ্য হলো ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মানুষের মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসাকে সাহায্য করা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারির 10 বিলিয়ন মার্কিন ডলারের স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের (State Small Business Credit Initiative, SSBCI) সমতার বাস্তবায়ন নিশ্চিত করা - যার মধ্যে নিউ ইয়র্ক 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পেয়েছে। সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসাসমূহকে (Minority and Women Owned Businesses, MWBE) প্রবৃদ্ধির মূলধন নিশ্চিত করা এবং বৃহত্তর চুক্তিতে যাওয়ার ক্ষেত্রে সাহায্য করার উদ্দেশ্য নিয়ে এই উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটে MWBE সমূহের সমর্থনে গভর্নর হোকলের প্রতিশ্রুতির সম্পূরক হবে।

"নিউ ইয়র্কের ব্যবসার ল্যান্ডস্কেপকে অবশ্যই আমাদের স্টেটের সমৃদ্ধ বৈচিত্র্যের প্রতিফলন হতে হবে," **গভর্নর হোকল বলেন।** "সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসাসমূহ যেইসব পদ্ধতিগত প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা ভেঙ্গে ফেলতে সাহায্য করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ, বাইডেন প্রশাসনের অংশীদারিত্বের কারণে আমরা নিশ্চিত করতে পারবো যাতে সকল ব্যবসার কাছে নিউ ইয়র্ক স্টেটে সমৃদ্ধি করার সুযোগ থাকে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্কের সকল খুর্দ ব্যবসার কাছে যাতে সফল হওয়ার প্রয়োজনীয় সরঞ্জাম থাকে তা নিশ্চিত করার জন্য ফেডারেল SSBCI কর্মসূচিটি একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। মূলধন এবং প্রশিক্ষণ পাওয়ার সুযোগ ব্যবসাসমূহকে প্রবৃদ্ধি করার এবং সমৃদ্ধি করার ক্ষমতা প্রদান করে, এবং অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগে অংশগ্রহণ করার জন্য বাছাই করা আটটি স্টেটের একটি হতে পেরে, এবং নিউ ইয়র্ক স্টেটে SEDI মালিকানাধীন ব্যবসায়ের আওতা সম্প্রসারিত করতে ফাউন্ডার্স ফার্স্টের সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত।"

ফাউন্ডার্স ফার্স্ট ক্যাপিটাল পার্টনার্সের (Founders First Capital Partners) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান, এবং প্রতিষ্ঠাতা কিম ফলসম বলেন, "অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগের একজন নেতা হিসেবে, ফাউন্ডার্স ফার্স্ট ক্যাপিটাল পার্টনার্স স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের সমর্থন করার জন্য সরবরাহকারীর উদ্ভাবনী অর্থায়ন কর্মসূচি (Supplier Innovative Finance Program) শুরু করেছে। এই কর্মসূচির মিশন হলো ক্ষুদ্র, প্রত্যয়িত সরবরাহকারীদের এমন একটি অভিজ্ঞতার মাধ্যমে দিকনির্দেশনা প্রদান করা যা তাদের সক্ষমতা বৃদ্ধি করবে, উদ্ভাবনী অর্থায়ন এবং মূলধনের সুযোগের ক্ষেত্রে তাদের সচেতনতা বৃদ্ধি করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে এই সুযোগটি সহযোগিতামূলক অংশীদার ইকোসিস্টেমের প্রবৃদ্ধিকে সমর্থন করে, যা ক্ষুদ্র সরবরাহকারীদের জন্য কার্যকরভাবে প্রবৃদ্ধির মূলধনের ব্যবস্থা রকার জন্য অতি গুরুত্বপূর্ণ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ফাউন্ডার্স ফার্স্ট ক্যাপিটাল পার্টনার্সের সাথে অংশীদারিত্ব করেছে, তারা SEDI মালিকানাধীন কোম্পানিসমূহকে অর্থায়নের প্রস্তুতির সাধারণ প্রতিবন্ধকতা বুঝতে ও পার হতে সাহায্য করার জন্য তৈরিকৃত তাদের ফান্ডিংয়ের পাসপোর্ট (Passport for Funding) শিক্ষা কর্মসূচির মাধ্যমে চাহিদা সাপেক্ষে প্রদত্ত ভিডিও মডিউলের একটি সিরিজকে কাজে লাগবে। পাশাপাশি, অংশগ্রহণকারী MWBE এর জন্য একটি সার্বিক মূল্যায়ন সম্পাদন করা হবে, এবং ফার্মের চাহিদার উপর ভিত্তি করে তাদেরকে স্টেটের SSBCI নেতৃত্বাধীন কর্মসূচিসমূহের আরো উত্তম অ্যাক্সেস পাওয়ার জন্য অংশগ্রহণকারী সম্প্রদায় বিকাশ আর্থিক প্রতিষ্ঠান (Community Development Financial Institution, CDFI) এর সাথে মিলিত করে দেওয়া হবে। চাহিদা সাপেক্ষে প্রদত্ত এইসব শিক্ষা মডিউল এই ব্যবসাসমূহকে তহবিল পাওয়ার ক্ষমতাকে প্রতিরোধ করে এমন সম্ভাব্য বিপদ সম্পর্কে সচেতন করার মাধ্যমে প্রবৃদ্ধি করতে এবং তহবিল উত্থিত করার জন্য প্রস্তুত করবে। আরো তথ্যের জন্য, দেখুন https://funding.foundersfirstcapitalpartners.com/nyesd-sifp।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক স্টেট এর স্টেটের চুক্তিতে MWBE ব্যবহার করে 32.3 শতাংশ ব্যবহারের হার নিয়ে দেশের শীর্ষে রয়েছে।2023 অর্থবছর চলাকালে, প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার স্টেটের চুক্তি MWBE ফার্মসমূহকে প্রদান করা হয়েছে, এবং 2011 সাল থেকে প্রায় 29 বিলিয়ন মার্কিন ডলারের স্টেট চুক্তি MWBE সমূহকে প্রদান করা হয়েছে। পাশাপাশি, অর্থবছর 2023 স্টেট বাজেটে গভর্নর হোকল প্রদত্ত সংস্থানের কারণে ESD প্রত্যয়নের দীর্ঘদিনের ব্যাকলগ নির্মূল করতে পেরেছে, যার জন্য এর পূর্বে 499 দিন পর্যন্ত লেগে যেতে পারতো। MWBE প্রত্যয়িত হওয়া সম্পর্কে আরো জানার জন্য, https://esd.ny.gov/doing-business-ny/mwbe ভিজিট করুন।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "আমার আমেরিকান উদ্ধার পরিকল্পনায় (American Rescue Plan) স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগকে অন্তর্ভুক্ত করতে আমি লড়াই করেছি, যা নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য 500+ মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এখন, ফেডারেল তহবিল 'অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগের' মতো মুখ্য কর্মসূচির সমর্থন করছে, যা নিশ্চিত করবে যাতে এম্পায়ার স্টেটজুড়ে ক্ষুদ্র ও সুবিধাবঞ্চিত ব্যবসাসমূহ আমাদের স্থানীয় অর্থনীতিসমূহের পুনর্গঠন করতে পারে, মুখ্য শিল্পখাতে বিনিয়োগ করতে পারে, এবং আমাদের অভ্যন্তরীণ সরবরাহ চেইনকে বলীয়ান করতে পারে, একই সাথে যেই সম্প্রদায়ে প্রয়োজন সর্বাধিক সেখানে ভালো বেতনের চাকরি তৈরি এবং মূল্য হ্রাস করতে পারে। স্টেটের ক্ষুদ্র ব্যবসা এবং প্রস্তুতকরণ ঘাঁটি গঠন করার ক্ষেত্রে তার অংশীদারিত্বের জন্য এবং আমাদের ভবিষ্যতের অর্থনীতির চালনা করার জন্য নিউ ইয়র্কে ফেডারেল সহায়তা নিয়ে আসার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "নিউ ইয়র্ক যে অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগে অংশগ্রহণ করবে এই ঘোষণাটি একটি দারুণ সংবাদ। এটি একটি অত্যাবশ্যকীয় কর্মসূচি যা সামাজিক এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ক্ষুদ্র ব্যবসার মালিকদের অতি গুরুত্বপূর্ণ সংস্থান পাওয়ার সুযোগ প্রদান করবে। ক্ষুদ্র ব্যবসার জন্য ইক্যুইটি অগ্রসর করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করতে পেরে আমি গর্বিত এবং নিউ ইয়র্কের ব্যবসার মালিকদের জন্য ফেডারেল সংস্থান প্রদান করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

প্রতিনিধি নিডিয়া ভেলাকোয়েজ বলেন, "ক্ষুদ্র ব্যবসাসমূহ নিউ ইয়র্কে এবং পুরো দেশে আমাদের অর্থনীতির মেরুদণ্ড গঠন করে। দুর্ভাগ্যবশত, ঋণের ডেটা ধারাবাহিকভাবে প্রদর্শন করে যে সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসাসমূহ সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় তহবিলের পাওয়ার সুযোগ পেতে সংগ্রাম করে। অন্তর্ভুক্তিকর শিল্পোদ্যোগের উদ্যোগে নিউ ইয়র্কের অংশগ্রহণ আমাদের স্টেটে সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত উদ্যোক্তাদের জন্য সমর্থন করতে সহজ করবে এবং ঐতিহাসিক স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের সমতার সাথে বাস্তবায়ন নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগ সম্পর্কে
মার্কিন রেসকিউ প্ল্যান অ্যাক্টের মাধ্যমে স্টেট স্মল বিসনেস ক্রেডিট ইনিশিয়েটিভ (State Small Business Credit Initiative, SSBCI) এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে ছোট ব্যবসার পুনরুত্থানকে সহায়তা করার জন্য ফেডারেল তহবিলে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি

বরাদ্দ করা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগ কর্তৃক ব্যবস্থাপিত, SSBCI ক্ষুদ্র ব্যবসার জন্য সমর্থন কর্মসূচিকে তহবিল প্রদান করে, যার মধ্যে রয়েছে SEDI মালিকানাধীন ব্যবসা এবং অতি ক্ষুদ্র ব্যবসা (very small businesses, VSB), যাতে তারা কোভিড-19 এর অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠতে পারে এবং এটি তাদেরকে মহামারী পরবর্তী অর্থনীতিতে সফল হওয়ার সুযোগ প্রদান করে। এই তহবিলের সাহায্যে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানগুলোকে বৃদ্ধি ও সফল হতে সহায়তা করার জন্য মূলধন অ্যাক্সেস ও ইক্যুইটি কর্মসূচিগুলোর একটি স্যুট তৈরি করেছে। নিম্নলিখিত SSBCI কর্মসূচিগুলো সম্পর্কে জানুন যা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে esd.ny.gov/ssbci এ প্রতিষ্ঠিত করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন